



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ৩১/০৫/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

পারিপত্রিতে ১৫ জুন থেকে পরীক্ষা

(৩১/০৫/২০২১): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতোপূর্বে স্থগিতকৃত ও বিশেষ পরীক্ষাসমূহ আগামী ১৫/০৬/২০২১ তারিখ থেকে এবং অন্যান্য বর্ষের নিয়মিত পরীক্ষাসমূহ আগামী ২৬/০৬/২০২১ তারিখ থেকে স্বাস্থ্যবিধি মেনে স্ব-শরীরে ক্যাম্পাসে উপস্থিতিতে অথবা অনলাইন (online) এ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গত ২৯/০৫/২০২১ তারিখে একাডেমিক কাউন্সিলের ৩৪তম বিশেষ সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী'র সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজসহ বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় করোনা মহামারী সময়ে পরীক্ষা নেয়ার বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা তৈরীর জন্য ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক মোঃ সাইফুল ইসলামকে আহবায়ক করে সাত সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

একই সভায় করোনাকালীন সময়ে (Pandemic Period) এ পরীক্ষা গ্রহণের লক্ষ্যে Supplementary অর্ডিন্যান্স তৈরীর জন্য বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ ফজলুল হককে আহবায়ক করে ছয় সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

সভায় কেন্দ্রীয় ক্রীড়া ফি, কেন্দ্রীয় সাংস্কৃতিক উন্নয়ন ফি, যাতায়াত ফি, ম্যাগাজিন ফি ও হল সংস্থাপন ফি মওকুফ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইলঃ-০১৭১১৯৪২২১২